ভোরের কাগজ

তারিখ ... ... AUG 30 1999
পৃষ্ঠা ... কলাম ...

# বেগমগঞ্জে ৪০ হাজার শিশু শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত

বেগমগঞ্জ (নোয়াখালী) প্রতিনিধি : বেগমগঞ্জ থানার প্রায় ৪০ হাজার শিশু শিক্ষার আলো থেকে বঞ্চিত রয়েছে। এদের অধিকাংশই দরিদ্র পরিবারের সন্তান। এসব শিশুর কেউ কেউ রেস্টুরেন্ট, ওয়ার্কশপ, গ্যারেজ, বাসাবাড়িতে কাজ করছে। কেউ কেউ টেম্পো-ট্যাক্সির হেলপারি করে জীবিকা নির্বাহ করছে। আবার অনেকে নিয়োজিত রয়েছে কৃষিকাজে। এতে করে সরকারের 'সবার জন্য শিক্ষা' কর্মসূচি ব্যাহত হচ্ছে।

এক পরিসংখ্যানে দেখা গেছে, থানার ৮ থেকে ১৩/১৪ বছরের প্রায় ৪০ হাজার ছেলেমেয়ে পিতামাতার দরিদ্রতার কারণে শিক্ষার সুযোগ পাচ্ছে না। এদের অনেকেই দরিদ্র পিতামাতার সংসারের উপার্জনে নিজেকে নিয়োজিত করেছে। অনেক শিশু ইচ্ছা থাকলেও অভিভাবকদের অনীহার কারণে পড়াশোনার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। অনুসন্ধানে দেখা গেছে উল্লিখিত শিশুদের ৫০% বিভিন্ন হোটেল-রেস্টুরেন্ট, ওয়েল্ডিং ওয়ার্কশপে জীবিকা নির্বাহের জন্য নামমাত্র বেতনে কাজ করছে। সকাল থেকে অনেক রাত পর্যন্ত এদের কঠোর পরিশ্রম করতে হচ্ছে। নিরুপায় এসব শিশু অল্প বয়সেই নানা রোগে আক্রান্ত হচ্ছে। আবার দেখা গেছে, অনেক পিতামাতা তাদের সন্তানদের লেখাপড়া করানোর পরিবর্তে কৃষি ও গৃহস্থালি কাজে লাগাচ্ছে।

সরকার 'সবার জন্য শিক্ষা' কর্মসূচির আওতায় এ থানার বেশকটি প্রাইমারি স্কুলে শিক্ষার বিনিময়ে খাদ্য প্রকল্প চালু করলেও মূলত মধ্যবিত্ত বিত্তবান ঘরের ছেলেমেয়েরাই স্কুলে যাচ্ছে এবং খাদ্য উত্তোলন করছে। সরকারি সুষ্ঠু তদারকীর অভাবে এ অব্যবস্থার সৃষ্টি হয়েছে বলে অভিজ্ঞমহল মনে করেন।

শিক্ষার সুযোগবঞ্চিত এসব শিশুর একটি অংশ বিভিন্ন অসামাজিক ও অপরাধমূলক কাজে জড়িয়ে পড়ছে। এক শ্রেণীর সন্ত্রাসী গ্রুপ এদেরকে নিজেদের কাজে ব্যবহার করছে। শিশুরাও কাঁচা পয়সা হাতে পেয়ে এ কাজে সক্রিয় হচ্ছে এবং এক সময় বড়ো হয়ে অপরাধমূলক কাজে জড়িয়ে পড়বে বলে আশঙ্কা করা হচ্ছে।